

সংবাদ 8 MAY 2017  
৪৮৮ ৮ কলাম

# সংবাদ

## বিভাগ অনুযায়ী মেডিকেল কলেজগুলোকে মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে আনা হবে : স্বাস্থ্যমন্ত্রী

### নিম্ন বার্তা পরিবেশক

দেশের মেডিকেল কলেজগুলোকে বিভাগ অনুযায়ী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসির। তিনি বলেন, ঢাকা বিভাগের মেডিকেল কলেজগুলোকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) অধীনে নিয়ে আসা হবে। চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চলের কলেজগুলো যথাক্রমে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের আওতায় চলে আসবে। এর ফলে কলেজ পরিচালনার কাজ আরও স্থচ্ছ ও সহজতর হবে।

গতকাল অঙ্গ প্রতিষ্ঠাপন বিষয়ক জাতীয় সম্মেলন ও বৈজ্ঞানিক অধিবেশনের উত্তোলনকালে তিনি এ কথা বলেন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) খিলন হলে সোসাইটি অফ অরগান ট্রান্সপ্লান্টেশন বাংলাদেশ এ সম্মেলনের আয়োজন করে। সোসাইটির সভাপতি অধ্যাপক হারুন-উর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিএমএ সভাপতি ডা. মেন্সুফ জালাল মহিউদ্দিন, বিএসএমএমইউর উপচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, স্বাচিপ সভাপতি অধ্যাপক ডা. ইকবাল আসিলান, স্বাচিপ মহাসচিব অধ্যাপক ডা. এমএ আজিজ, ভারতের বিখ্যাত অঙ্গ সংযোজন বিশেষজ্ঞ ডা. সুনীল শ্রী বক্রব্য রাখেন।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, সরকার পর্যায়ক্রমে চোথের লেপসহ বিভিন্ন মেডিকেল ডিভাইস সংযোজনের মূল্য ও নির্ধারণ করবে। হার্টের রিংয়ের নির্মাণিত মূল্য কার্যকর করে সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা প্রাপ্তির পথ সুগম করতে চিকিৎসক, ব্যবসায়ীসহ সংশ্লিষ্ট সব পক্ষের প্রতি আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, দেশের সিংহভাগ মানুষ দরিদ্র ও মধ্যবিত্ত। জনগণের সরকার হিসেবে এ বিশাল জনগোষ্ঠীর সাথের মধ্যে আধুনিক চিকিৎসাসেবা নিয়ে আসার লক্ষ্য সরকার এ পদক্ষেপ নিচ্ছে। জনগণের স্বাস্থ্যেই সবাইকে এ উদ্যোগে সহায়তার হাত বাঢ়াতে হবে।

দেশের ব্যয়বহুল বড় হাসপাতালগুলোতে গরিব বোগীর ডায়াগনস্টিক ও চিকিৎসা ব্যয় সাশ্রয়ী মূল্যের মধ্যে রাখার জন্য পুনরায় আহ্বান জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, দরিদ্রদের জন্য বিশেষ সাশ্রয়ী মূল্য নির্ধারণ করলে তারা আধুনিক চিকিৎসার আওতায় চলে আসবে। একটি হাসপাতাল যদি ১১শ' টাকায় ডায়াগনস্টিস সেবা দিতে পারে তবে অন্যদেরও তা পারা উচিত।